



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. General Part-II Examination, 2022

ঐচ্ছিক বাংলা

ষষ্ঠ পত্র

Time Allotted: 2 Hours

Full Marks: 50

পার্সস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক  
পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। সামাজিক উপন্যাস হিসাবে 'দেনাপাওনা' উপন্যাসের সার্থকতা বিচার করো। ১৪
- অথবা
- 'দেনাপাওনা' উপন্যাসের ফকির সাহেব চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।
- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১৪×২= ২৮
- (ক) “ ‘দুঃশাসনীয়’ গল্পের শেষে রাবেয়ার আত্মহত্যা একাধারে ব্যক্তিগত এবং সমষ্টিগত প্রতিবাদ।” — একথা যথার্থ কিনা বিচার করো।
- (খ) “‘প্রেমেন্দ্র মিত্রের ‘শুধু কেরানী’ গল্পটি অপূর্ণ মানুষের ভাঙা জীবনের রিক্ততার বেদনাবিদ্ধ রূপ” — আলোচনা করো।
- (গ) “ ‘ফসিল’ গল্পটি সমাপ্তিতে পৌঁছে আর বিশেষ কোনো স্থান বা কালের সীমায় আবদ্ধ থাকে না, হয়ে ওঠে মানব-সভ্যতার ইতিহাসের প্রতিভূ।” — আলোচনা করো।
- (ঘ) “‘আহা কি চেহারাখানাই করেছ। নাও দুধটুকু।” — কার উক্তি ? এইরকম উক্তির পিছনে কী মনোভাব কাজ করেছে আলোচনা করো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ৪×২= ৮
- (ক) “‘শোধ নিতে চাও ত এইই সময়। আমাকে জেলে দিতেও পারো।” — বক্তা কে ? কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে ? শোধ নেবার সময় বলতে কোন্ সময়কে বোঝানো হয়েছে ?
- (খ) “‘পিঁপড়েতে ডিম মুখে নিয়ে ওপরের পানে চলল। জল এইবার হবে।” — সংলাপটি কার ? প্রসঙ্গটি উল্লেখ করো।
- (গ) “‘সেই ভালো! বলিয়া জীবানন্দ ষোড়শীর হাত ধরিয়া অগ্রসর হইল।” — প্রসঙ্গ উল্লেখপূর্বক ‘সেই ভালো’-র পরিচয় দাও।
- (ঘ) “‘তুই খেলেই আমার খাওয়া হবে।” — কে, কাকে, কী প্রসঙ্গে একথা বলেছে তা বুঝিয়ে দাও।

—x—